গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dgme.gov.bd

স্মারক নং-৫৯.১৪.০০০০.১০৩.৩৪.০০১.২৬. ৮৫ তারিখঃ ০৫/০২/২০২৬ খ্রি.

## ভর্তি বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষে ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (আইএইচটি), ঢাকা; ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (আইএইচটি), রাজশাহী ও জনস্বাস্থ্য ইনস্টিটিউট, ঢাকায় নিম্নবর্ণিত কোর্সসমূহে দেশি প্রার্থীদের ভর্তির জন্য টেলিটক বাংলাদেশ লিমিটেডের ওয়েব পোর্টাল (http://dgme.teletalk.com.bd) এর মাধ্যমে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| কোর্সসমূহের নাম | আইএইচটি, ঢাকা | আইএইচটি, রাজশাহী | জনস্বাস্থ্য ইনস্টিটিউট, ঢাকা |
|---|---|---|---|
| | কোর্স ভিত্তিক আসন সংখ্যা | কোর্স ভিত্তিক আসন সংখ্যা | কোর্স ভিত্তিক আসন সংখ্যা |
| বিএসসি ইন হেলথ টেকনোলজি (ল্যাবরেটরী) | ৫৫ টি | ৩০ টি | ৩০ টি |
| বিএসসি ইন ফিজিওথেরাপী | ৫৫ টি | ৩০ টি | |
| বিএসসি ইন হেলথ টেকনোলজি (রেডিওলজি এন্ড ইমেজিং) | ৪০ টি | - | - |
| বিএসসি ইন হেলথ টেকনোলজি (ফুড সেফটি) | - | - | ৩০ টি |
| মোট আসন সংখ্যা | ১৫০ টি | ৬০ টি | ৬০ টি |

২. আবেদন শুরুর তারিখ : ০৮/০২/২০২৬ খ্রি.
৩. আবেদন গ্রহণের শেষ তারিখ : ২২/০২/২০২৬ খ্রি.
৪. ভর্তি পরীক্ষার ফি জমা প্রদানের শেষ তারিখ : ২৩/০২/২০২৬ খ্রি.
৫. ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড এর সময়সীমা : ০৩/০৩/২০২৬ খ্রি. ও ০৪/০৩/২০২৬ খ্রি. (রাত ১১:৫৯ টা)
৬. ভর্তি পরীক্ষার তারিখ : ০৬/০৩/২০২৬ খ্রি. (শুক্রবার) সকাল ১০:০০ টা হতে ১১:০০ টা।

৭. যারা ২০২৩,২০২৪ এবং ২০২৫ খ্রি. শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক (এইচএসসি)/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ হয়েছেন তারা আবেদনের যোগ্য হিসাবে বিবেচিত হবেন। ভর্তি ইচ্ছুক প্রার্থী যে কোন একটি কোর্সে আবেদন করতে পারবেন।'ও' লেভেল এবং 'এ' লেভেল পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী ০৮/০২/২০২৬ খ্রি. হতে ১৮/০২/২০২৬ খ্রি. তারিখের মধ্যে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর থেকে নম্বর সমতাকরণ ফি প্রদান করে উল্লিখিত সনদ ও আইডি নম্বর গ্রহণপূর্বক বিএসসি ইন হেলথ টেকনোলজি কোর্সসমূহের যে কোনো একটি কোর্সে আবেদন করতে পারবেন।

৮. ডিপ্লোমা পাশকৃত প্রার্থীগণ সংশ্লিষ্ট বিষয়ের বিএসসি ইন হেলথ টেকনোলজি কোর্সে আবেদন করতে পারবেন। ডিপ্লোমা ইন ইন্টিগ্রেটেড মেডিকেল টেকনোলজি কোর্স উত্তীর্ণ শিক্ষার্থীগণ বিএসসি ইন ফিজিওথেরাপী কোর্সের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। ডিপ্লোমা পাশকৃত ভর্তিচ্ছুক প্রার্থীদের আগামী ০৮/০২/২০২৬ খ্রি. হতে ১৮/০২/২০২৬ খ্রি. তারিখের মধ্যে এসএসসি পরীক্ষার মার্কশীট, ডিপ্লোমা পাশের চূড়ান্তপর্বের মার্কশীট, ডিপ্লোমা সনদের সত্যায়িত কপি পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (স্বাস্থ্য অধিদপ্তর, পুরাতন ভবন ২য় তলা, রুম নম্বর-২০৫) বরাবর জমা দিয়ে ১৯/০১/২০২৬ খ্রি. আইডি নম্বর গ্রহণ করতে হবে যা ভর্তি পরীক্ষার আবেদনের সময় প্রয়োজন হবে। উল্লেখ্য যে, আইডি নম্বর গ্রহণ না করলে ডিপ্লোমা পাশকৃত প্রার্থী সংশ্লিষ্ট বিষয়ে আবেদন করতে পারবে না।

০৯. ভর্তি পরীক্ষা ফি ১০০০/- (এক হাজার) টাকা কেবল প্রি-প্রেইড টেলিটকের মাধ্যমে জমা দিতে হবে।

১০. ভর্তি পরীক্ষার শর্তাবলী, অংশগ্রহণকারী প্রার্থীদের যোগ্যতা, কোর্সসমূহের আসন বিভাজন, আসন সংরক্ষণ, ভর্তি পরীক্ষার অনলাইন ফরম পূরণের নিয়মাবলী ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ওয়েবসাইট www.mefwd.gov.bd, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট www.dgme.gov.bd, স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট www.dghs.gov.bd ও টেলিটকের ওয়েবসাইট http://dgme.teletalk.com.bd হতে জানা যাবে। এছাড়া আএইচটি,ঢাকা; আইএইচটি, রাজশাহী ও জনস্বাস্থ্য ইনস্টিটিউট, ঢাকা হতে ভর্তি সংক্রান্ত তথ্য জানা যাবে।

১১. আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ, উত্তরপত্র মূল্যায়ণ, ফল চূড়ান্তকরণ ডিজিটাল প্রক্রিয়ায় সম্পন্ন হবে।

১২. প্রার্থীর দেওয়া কোন তথ্য (যা ইনস্টিটিউট নির্ধারণে বিবেচিত হতে পারে) অসম্পূর্ণ ও ভুল প্রমাণিত হলে, তার আবেদন/ইনস্টিটিউট নির্ধারণ/ভর্তি বাতিল বলে গণ্য হবে।

১৩. যে কোন বিষয়ে ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

অধ্যাপক ডা. মো. মহিউদ্দিন মাতুব্বর
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোন: ৪৮৮১১২০০
Email:medicaledu313@gmail.com

স্মারক নং-৫৯.১৪.০০০০.১০৩.৩৪.০০১.২৬. ৮৫ তারিখ:০৫/০২/২০২৬ খ্রি.

অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) মাননীয় উপদেষ্টা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়)।

২) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়)।

৩) সচিব, পার্বত্য জেলা বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য জেলা বিষয়ক মন্ত্রণালয়)

৪) অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫) মহাপরিচালক ,স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক (প্রশাসন)।

৬) মহাপরিচালক ,স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক (প্রশাসন)।

৭) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/চিকিৎসা শিক্ষা) ,স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৮) যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা অধিশাখা),স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯) পরিচালক (প্রশাসন),স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

১০) পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য অধিদপ্তর এর ওয়েবসাইট-এ প্রকাশ করার অনুরোধসহ।

১১) ডীন, চিকিৎসা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

১২) ডীন, চিকিৎসা অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

১৩) পরিচালক, জনস্বাস্থ্য ইনস্টিটিউট, মহাখালী, ঢাকা।

১৪) অধ্যক্ষ, ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি, ঢাকা।

১৫) অধ্যক্ষ, ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি, রাজশাহী।

১৬) উপপরিচালক (সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

১৭) অফিস কপি।

অধ্যাপক ডা. মো. মহিউদ্দিন মাতুব্বর
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোন: ৪৮৮১১২০০
Email:medicaledu313@gmail.com